গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
স্থানীয় সরকার শাখা

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০০০.০০৮.০৫.০০০৩.১৭.২২

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

বিষয়: কারণ দর্শানো সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের ১০/১১/২০২৬ খ্রি. তারিখের পরিদর্শনসূচি অনুযায়ী মৌখিক নির্দেশনা।

যেহেতু, আপনি জনাব কোহিনুর বেগম, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর হিসেবে দায়িত্বরত আছেন;

যেহেতু, অদ্য ১০/১১/২০২৬ খ্রি. তারিখে জেলা প্রশাসক, গাজীপুর কর্তৃক নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর বিভিন্ন রেজিস্টার পরিদর্শনকালে নিম্নলিখিত অনিয়ম পরিলক্ষিত হয়;

(ক) জন্ম নিবন্ধন রেজিস্টার সঠিকভাবে প্রত্যয়ন করা নেই;

(খ) জন্ম নিবন্ধন রেজিস্টার এর শেষের ৪-৫ পাতায় দায়িত্বরতদের স্বাক্ষর নেই;

যেহেতু, এহেন আচরণ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (ঘ) বিধিমতে দায়িত্ব পালনে অবহেলা ও অদাচরণের সামিল;

সেহেতু, কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (ঘ) বিধি মতে উপযুক্ত দন্ড আরোপ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

১০-১১-২০২৬
আহাম্মদ হোসেন ভূইয়া
উপ পরিচালক

জনাব কোহিনুর বেগম, ভারপ্রাপ্ত চেয়ারম্যান
নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০০০.০০৮.০৫.০০০৩.১৭.২২/১ (৩)


তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর।

২। সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
৩। অফিস কপি।





১০-১১-২০২৬
আহাম্মদ হোসেন ভূইয়া
উপ পরিচালক